গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**কারা অধিদপ্তর**
৩০/৩, উমেশ দত্ত রোড, বকশীবাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

পত্র নং- ৪৪.০৪.০০০০.০০৭.০১.০০২.২৬. ৬৮

তারিখঃ ৩১ বৈশাখ ১৪৩৩
১৪ মে ২০২৬

বিষয়: **কারাগারে শিশু স্বাস্থ্য বিষয়ক উদ্বুদ্ধকরণ (Motivational) সেশন আয়োজন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে কারা কর্মকর্তা ও কর্মচারীদের শিশুদের সার্বিক স্বাস্থ্য সুরক্ষা, পুষ্টি, ব্যক্তিগত পরিচ্ছন্নতা এবং মানসিক বিকাশ নিশ্চিতকরণের লক্ষ্যে একটি সমন্বিত উদ্যোগ গ্রহণ করা অত্যন্ত জরুরি। এ প্রেক্ষিতে সংশ্লিষ্ট কারাগারসমূহে শিশুদের জন্য মা-বাবা এর উপস্থিতিতে নিয়মিত শিশু স্বাস্থ্য বিষয়ক উদ্বুদ্ধকরণ সেশন আয়োজনের জন্য নির্দেশ প্রদান করা হলো।

উক্ত সেশনসমূহে নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলোঃ

১। ব্যক্তিগত পরিচ্ছন্নতা (হাত ধোয়া, দাঁত ব্রাশ, পরিচ্ছন্ন পোশাক)।
২। সুষম খাদ্য ও পুষ্টির গুরুত্ব।
৩। সাধারণ রোগ প্রতিরোধ (ডায়রিয়া, শ্বাসতন্ত্রের সংক্রমণ ইত্যাদি)।
৪। টিকাদান (EPI) বিশেষভাবে হামের টিকা সম্পর্কে সচেতনতা।
৫। মানসিক স্বাস্থ্য ও ইতিবাচক আচরণ গঠন।
৬। মা ও শিশুর স্বাস্থ্য (যেখানে প্রযোজ্য)।

সেশনসমূহ কারা হাসপাতালের চিকিৎসক/নার্স অথবা স্থানীয় স্বাস্থ্য বিভাগের সহযোগিতায় পরিচালনা করার জন্য পরামর্শ প্রদান করা হলো। প্রয়োজনে জেলা সিভিল সার্জন কার্যালয়ের সাথে সমন্বয় করে এ কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।

এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৪/৫/২৬


মোহাম্মদ আখতার হাসিব দেওয়ান
লেঃ কর্নেল
কারা উপ-মহাপরিদর্শক (স্বাস্থ্য)
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোন: ৫৭৩০০৪০০ (দপ্তর)
dighq1@prison.gov.bd


কারা উপ-মহাপরিদর্শক সকল বিভাগ, সকল সদর দপ্তর।
সিনিয়র জেল সুপার/জেল সুপার,
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী।
২। সহকারি কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৩। জেল সুপার, প্রিজন্স হসপিটালাইজড ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টিলিজেন্স ইউনিট/আইসিটি সেল (**ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ**), কারা অধিদপ্তর, ঢাকা।
৫। ব্যক্তিগত সহকারী, কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ-মহাপরিদর্শক কারা অধিদপ্তর, ঢাকা। (সকল) মহোদয়গণের সদয় অবগতির জন্য।